বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ৫১ এ, তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহে চাহিদাপত্র (requisition) পাওয়া সাপেক্ষে কোর্টে যথাসময়ে মামলার নথি প্রেরণ সংক্রান্ত।

Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 (as amended in 2012) এর অধ্যায় IVA এর বিধি ৮(১) এ সংশ্লিষ্ট কোর্টে মামলার পক্ষ বা দরখাস্তকারীগণ কর্তৃক মেনশন স্লিপ (Mention Slip) দাখিল করার বিধান রয়েছে। উক্ত বিধি ৮(২) (বি) এ বর্ণিত বিধানমতে প্রাপ্ত মেনশন স্লিপসমূহে (Mention Slips) উল্লিখিত নথিসমূহ কোর্টে উপস্থাপনের নিমিত্ত কোর্টের বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসারগণ কর্তৃক প্রতি কার্যদিবসে যথাযথ চাহিদাপত্র (requisition) অত্র কোর্টের সংশ্লিষ্ট শাখাসমূহে প্রেরণের বিধান রয়েছে।

২। এমতাবস্থায়, প্রতিদিন অপরাহ্ণ ২.০০ ঘটিকার মধ্যে পরবর্তী কার্যদিবসের নথির চাহিদাপত্র (requisition) সমূহ বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসারগণ কর্তৃক কোর্টের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

৩। উল্লেখ্য যে, বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসারগণ কর্তৃক অপরাহ্ণ ২.০০ ঘটিকার পর পরবর্তী কার্যদিবসের নথির চাহিদাপত্র (requisition) কোর্টের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হলে উক্ত চাহিদাপত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট নথিসমূহ পরের দিন প্রেরণ করা সম্ভবপর হবে না। সেক্ষেত্রে, উক্ত নথিসমূহ তৎপরবর্তী কার্যদিবসে শাখা হতে সংশ্লিষ্ট কোর্টে প্রেরণ করা হবে।

৪। অত্র কোর্টের সংশ্লিষ্ট শাখার সুপারিনটেনডেন্টগণ কোর্ট হতে চাহিদাপত্র (requisition) প্রাপ্তির পর ঐ দিনই নথিসমূহ প্রস্তুত করতঃ পরের দিন সকাল ৯.৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট শাখা হতে নথিসমূহ সংশ্লিষ্ট কোর্টে অবশ্যই প্রেরণ করতে হবে।

৫। বর্ণিত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের ক্ষেত্রে যে কোনো প্রকার শৈথিল্য বা অবহেলা The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Displine and Appeal) Rules, 1983 এর অধীনে অসদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিধি অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে।

৬। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ নির্দেশক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
☎০২-২২৩৩৮২৭৮৫
✉rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১০২০৬ এ, তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৫ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার ---------- (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. ডেপুটি রেজিস্ট্রার ---------- (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার ---------- (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৯. সিস্টেম এনালিস্ট, আই.টি. শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

১০. বেঞ্চ অফিসার ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।

১১. সহকারী বেঞ্চ অফিসার .....(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১২. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১৩. হেল্প লাইন, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১৪. অফিস কপি।

০৬.১১.২০২৬

(খোকন হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫